



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 9 OCTOBER 2026, FRIDAY | ৯ অক্টোবর ২০২৬, শুক্রবার • VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-305

**দুর্গাপূজাকে আরও বেশী পরিবেশবান্ধব
ও সুন্দর করে তুলতে নতুন উদ্যোগ
নিচ্ছে রাজ্য সরকার, বললেন
পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্রিমিত্রা পাল**



ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,৮ অক্টোবর : বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপূজাকে আরও বেশী পরিবেশবান্ধব ও সুন্দর করে তুলতে “গ্রীন দুর্গা পূজা এক্সসেলেন্স অ্যাওয়ার্ড ২০২৬”এর আজ কলকাতায় আনুষ্ঠানিক ঘোষণা করলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্রিমিত্রা পাল । বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন ,“মাননীয় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে গোটা রাজ্য জুড়ে পুরোদমে রাস্তা মেরামতি ও সংস্কারের কাজ চলছে।আপনাদের এলাকার বেহাল রাস্তা বা মেরামতির প্রয়োজন রয়েছে এমন রাস্তার বিস্তারিত তথ্য আমাকে জানান।আমরা যথাসাধ্য চেষ্টা করছি, যাতে ১০ থেকে ১২ অক্টোবরের মধ্যে যত দ্রুত সম্ভব প্রয়োজনীয় রাস্তা মেরামতির কাজ সম্পন্ন করা যায়।” তিনি আরও বলেন ,“আমাদের গ্রিভ্যান্স কল সেন্টার এর টোল ফ্রি - 18003450938 নম্বরে ফোন করেও আপনাদের এলাকার রাস্তা সংক্রান্ত সর্বপ্রকার অভিযোগ জানাতে পারেন।”

**ভুটান ঘাট,হলং বন বাংলো পরিদর্শনে
মিঠুন,দিন শেষে দেখা মিলল গন্ডারের**



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : মুখ্যমন্ত্রীর নির্দেশে আলিপুরদুয়ার জেলার পর্যটন সম্ভাবনা খতিয়ে দেখতে বৃহস্পতিবার থেকে জেলার বিভিন্ন পর্যটন কেন্দ্র পরিদর্শন শুরু করলেন রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তরের উপদেষ্টা মিঠুন চক্রবর্তী।কথাখায় পরিকাঠামো উন্নয়ন প্রয়োজন, তা চিহ্নিত করাই এই সফরের উদ্দেশ্য।উপদেষ্টা হিসেবে নিযুক্ত হওয়ার পর প্রথমবার আলিপুরদুয়ারে এলেন মিঠুন। বুধবার রাতে হাসিমারার কাছে মালঙ্গী ফরেস্ট বাংলোয় রাত কাটিয়ে বৃহস্পতিবার সকাল থেকে সফর শুরু করেন। জেলা প্রশাসন ও বনদপ্তরের আধিকারিকদের সঙ্গে কথা বলেন তিনি।প্রথমে কুমারগ্রাম ব্লকের ভুটান ঘাটে যান এবং জঙ্গল সাফারি করেন। সঙ্গে ছিলেন বনমন্ত্রী মনোজ কুমার গুঁরাও ,বিজেপির জেলা সভাপতি মিঠু দাস ও বনদপ্তরের আধিকারিকরা।পরে কালচিনি ব্লকের পোরো পর্যটন কেন্দ্র গিয়ে আদিবাসীদের সঙ্গে কথা বলেন। সঙ্গে ছিলেন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা। পরে জলদাপাড়া লাগোয়া শিশামারাও পরিদর্শন করেন। বৃহস্পতিবার বিকেলে হলং বন বাংলো পরিদর্শন করেন।হলং ,বনবাংলো এলাকায় গন্ডারের দেখা পান মিঠুন চক্রবর্তী।

**মাটিগাড়ার পরিবহন নগরে
বাস স্ট্যান্ডের শিলান্যাস করলেন
পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ**



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৮ অক্টোবর : শিলিগুড়ির মাটিগাড়ায় পরিবহন নগরে একটি বাস স্ট্যান্ড নির্মানকাজের শিলান্যাস করলেন রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। উপস্থিত ছিলেন রাজ্যের অর্থ ও পরিবহন দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আনন্দময় বর্মন সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ। বৃহস্পতিবার বাস স্ট্যান্ডের নির্মান কাজের শিলান্যাস করে পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ বলেন এই প্রকল্পটি রূপায়ন করবে শিলিগুড়ি জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষ। তিনি আরও বলেন এই প্রকল্পটি পরিবহন ব্যবস্থাকে আরও সুসংগঠিত ও উন্নত করার পাশাপাশি সাধারণ মানুষের যাতায়াতকে সহজ এবং সুবিধাজনক করে তুলবে। এলাকার পরিকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

**বারাণসীর কোচবিহার কালীবাড়ি চত্বরে
আশি কোটি টাকা ব্যয়ে গড়ে তোলা হবে
আধুনিক আতিথেয়তা কেন্দ্র**



বিশেষ সংবাদদাতা ,এই যুগ,বারাণসী ,৮ অক্টোবর : বারাণসীর সোনারপুরায় অবস্থিত ঐতিহাসিক কোচবিহার কালীবাড়ি চত্বরে প্রায় আশি কোটি টাকা ব্যয়ে একটি আধুনিক আতিথেয়তা কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পর্যটন দপ্তর। বৃহস্পতিবার এই ঐতিহাসিক কোচবিহার কালীবাড়ি চত্বরে পরিদর্শন করে এ খবর জানান রাজ্যের পর্যটন দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী। তিনি এদিন প্রস্তাবিত প্রকল্পের রূপরেখা খতিয়ে দেখে জানান প্রায় দু একর জমির ওপর গড়ে তোলা হবে নয়তলা বিশিষ্ট একটি আধুনিক আতিথেয়তা কেন্দ্র। এখানে থাকবে ঘাটটি অতিথি কক্ষ ,দশটি সুইট ,রেস্তোরাঁ ,ব্যাকস্টেজ হল ,জিমনাসিয়াম ,কফি শপ ,গাড়ি পার্কিং এর ব্যবস্থা। পাশাপাশি কালীবাড়ি মন্দির ও হাওয়ামহলের ঐতিহ্য অক্ষুণ্ণ রেখে এগুলির সংস্কার করা হবে। হাওয়া মহলকে প্রিমিয়াম আবাসন হিসাবে গড়ে তোলা হবে বলেও জানান তিনি। তার সাথে ছিলেন পশ্চিমবঙ্গ রাজ্য পর্যটন দপ্তরের অধিকর্তা তথা রাজ্য পর্যটন নিগমের ম্যানেজিং ডিরেক্টর সুমন্ত সহায়,পর্যটন দপ্তরের প্রধান কৌশলী পিপি সিনহা ,পরামর্শদাতা স্থপতি ও কোচবিহার কালিবাড়ী ট্রাস্টি বোর্ডের প্রতিনিধিগণ।

পুজোর আগে ফাওলাই ভাতার দাবিতে পথ অবরোধ চা বাগানে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : দীর্ঘদিন ধরে বন্ধ আলিপুরদুয়ার জেলার মধু চা বাগান। বাগানের শ্রমিকরা দীর্ঘদিন ধরে ফাওলাই ভাতার দাবি করে আসছেন। শ্রমিকদের অভিযোগ, বর্তমানে বাগানে মাত্র ২৬০ জন শ্রমিক সরকারের ফাওলাই ভাতা পাচ্ছেন, কিন্তু ৪০০-র অধিক শ্রমিক এখনও ফাওলাই ভাতা থেকে বঞ্চিত। তাঁরা ভাতা পাচ্ছেন না। সমস্ত শ্রমিককে ফাওলাই ভাতা প্রদানের দাবিতে এদিন পথ অবরোধে সামিল হন শ্রমিকরা। মধু চা বাগানের সামনে এলাকার জায়গা থেকে আলিপুরদুয়ারগামী সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান তাঁরা। শ্রমিকদের দাবি, বাগানের অধিকাংশ শ্রমিকই ফাওলাই ভাতা থেকে বঞ্চিত। পুজোর আগেই সমস্ত বঞ্চিত শ্রমিককে ফাওলাই ভাতা দেওয়ার দাবি জানিয়েছেন তাঁরা।

২৫৫ হাতিকে ট্রেনের ধাক্কা থেকে বাঁচাল রেল দপ্তর নয় মাসে

মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : প্রযুক্তি ও নজরদারির জোরে বড় সাফল্য পেলে উত্তর-পূর্ব সীমান্ত রেল। জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ৯ মাসে মোট ২৫৫টি হাতিকে ট্রেনের ধাক্কা থেকে রক্ষা করা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি আলিপুরদুয়ার ডিভিশনে ১০৬টি ও লামডিং ডিভিশনে ১২২টি হাতিকে বাঁচানো হয়েছে।

এছাড়া তিনসুকিয়ায় ১৫টি এবং রাঙিয়ায় ১৪টি হাতি রক্ষা পেয়েছে বলে মালিগাঁওয়ের রেল দপ্তর জানিয়েছে। রেল সূত্রে জানা গেছে, হাতি চলাচলের করিডরে এআই-ভিত্তিক ইন্ট্রুশন ডিটেকশন সিস্টেম ও ডিস্ট্রিবিউটেড অ্যাকোস্টিক সিস্টেম বসানো হয়েছে। রেললাইনের কাছে হাতি এলেই তা সিস্টেমে ধরা পড়ে এবং সঙ্গে সঙ্গে কর্মীদের কাছে সতর্কবার্তা যায়। হাতির উপস্থিতি টের পেলেই সংশ্লিষ্ট এলাকায় ট্রেনের গতি কমিয়ে দেওয়া হয়, বিশেষ করে রাতে। বাড়ানো হয়েছে ট্রাক পেট্রলিং। লোকো পাইলট ও ট্রেন কর্মীদের নিয়মিত ব্রিফিং করা হচ্ছে। ঝুঁকিপূর্ণ জায়গায় বসেছে সতর্কীকরণ বোর্ড। অভিনব ‘প্ল্যান বি’ পদ্ধতিতেও হাতি তাড়ানো হচ্ছে। এই পদ্ধতিতে মৌমাছির গুঞ্জনের শব্দ জোরে বাজানো হয়, যা হাতিরা এড়িয়ে চলে।

পাশাপাশি হাতির নিরাপদ পারাপারের জন্য তৈরি হচ্ছে আন্ডারপাস। খাবারের উচ্ছিষ্ট রেললাইনের ধারে না ফেলার জন্য যাত্রী ও রেলকর্মীদের মধ্যে সচেতনতা প্রচারও চলছে। আলিপুরদুয়ার ডিভিশনে বিজি-৩ লাইনের ১৬৪ কিমি অংশ বক্সা, জলদাপাড়া ও চাপড়ামারি জঙ্গলের মধ্যে দিয়ে যাওয়ায় এই উদ্যোগ বিশেষ গুরুত্বপূর্ণ।

উদ্ধার চার লক্ষ তিরিশি হাজার টাকার জাল নোট ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,৮ অক্টোবর : মালদহ জেলা পুলিশের বৈষ্ণবনগর থানার পুলিশ বুধবার গভীর রাতে থানা এলাকার বাখরাবাদ গ্রাম পঞ্চায়েতের তেলিপাড়া ব্রীজে নাকা চেকিং চালানোর সময় বিশ্বস্ত সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে দুই দন্দেশভাজন ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক দুই ব্যক্তির প্রত্যেকের প্যান্টের পকেট থেকে উদ্ধার হয় ভারতীয় পাঁচশো টাকার জাল নোটের পাঁচটি করে মোট দশটি বাস্তিলা। নোটের সংখ্যা মোট নশো ছেষট্টিটি। টাকার পরিমাণ চার লক্ষ তিরিশি হাজার টাকা। উদ্ধার করা নোট বাজেয়াপ্ত করে আটক দুই ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ। ধৃত দুজনের নাম আজিজুর রহমান (২৮) ও জসীম শেখ (১৯)। প্রথম জন প্রহ্লাদ হাজিাপাড়া ও দ্বিতীয় জন চক দেওনাপুর পাইকারতলার বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গেছে দুজনের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করে দশ দিনের পুলিশী রিম্যান্ডের আবেদন জানানো হবে।

বোনাসের দুই কিস্তির প্রস্তাব প্রত্যাখ্যান , নিরাপত্তার কারণে চা বাগান ছাড়ল ম্যানেজার



মলয় দেবনাথ , এই যুগ , আলিপুরদুয়ার , ৮ অক্টোবর : বোনাস প্রদান নিয়ে শ্রমিক অসন্তোষের জেরে আলিপুরদুয়ার জেলার কোহিনুর চা বাগান ছেড়ে চলে গেল ম্যানেজমেন্ট। বাগান কর্তৃপক্ষের অভিযোগ, পুলিশ প্রশাসনের সামনে বোনাসের প্রস্তাব দেওয়া হলেও শ্রমিকরা তা মানেননি এবং পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠে। উল্লেখ্য রাজ্যের মুখ্যমন্ত্রী ৫ ই অক্টোবরের মধ্যে বোনাস প্রদানের কথা বললেও কোহিনুর বাগান কর্তৃপক্ষ বোনাস নিয়ে চুপচাপ ছিলেন। ৭ অক্টোবর বুধবার সকাল থেকে বোনাসের দাবিতে শ্রমিকরা আন্দোলন শুরু করেন। বৃহস্পতিবার বিকেল পাঁচটা নাগাদ ম্যানেজার ১০% বোনাস ১৫ ই অক্টোবর এবং বাকি দশ শতাংশ বোনাস দোল পূর্ণিমায় দেওয়ার কথা জানান। তাছাড়া শ্রমিকদের বকেয়া বেতন পুজোর পরে দেওয়া হবে জানানোর পরেই শ্রমিকরা স্পষ্ট জানিয়ে দেন তারা এমনভাবে বোনাস নিতে নারাজ। তারা এই মালিক কে আর চান না। নতুন মালিক এসে বাগান পরিচালনা করুক জানিয়েছেন শ্রমিক নেতৃত্ব। ম্যানেজমেন্ট জানিয়েছে, প্রস্তাব পুলিশ প্রশাসনের উপস্থিতিতে শ্রমিকদের সামনে রাখা হয়েছিল। কিন্তু শ্রমিকরা প্রস্তাবে রাজি হননি। এর ফলে পরিস্থিতি অস্থিতিশীল হয়ে ওঠে এবং ম্যানেজমেন্টের কর্মীদের নিরাপত্তার প্রশ্নে তারা বাগান ছাড়তে বাধ্য হন। নোটিশে ম্যানেজমেন্ট আরও জানিয়েছে, তারা বাগানকে পুনরুজ্জীবিত করতে ও আইন মেনে পরিচালনা করতে প্রতিশ্রুতিবদ্ধ। বকেয়া সমস্যাগুলি প্রযোজ্য আইন এবং প্রশাসনিক ও শ্রম দপ্তরের মাধ্যমে মেটানো হবে। বাগানে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে শ্রমিকদের কাছে আন্তরিক আবেদন জানানো হয়েছে, যাতে ম্যানেজমেন্ট শান্তিপূর্ণভাবে বাগান পরিচালনা করতে পারে। পুজোর বাকি কয়েকদিন এরই মধ্যে অনিশ্চয়তায় পড়ে গেলেন কোহিনুর চা বাগানের ৮৮৮ টি শ্রমিক পরিবার।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

ভয়াবহ দুর্ঘটনায় জাতীয় সড়কে আহত ৫



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : ভয়াবহ দুর্ঘটনা ঘটেছে চেপানী চৌপতি সংলগ্ন ১৭ নম্বর জাতীয় সড়কে। ১৭ নম্বর জাতীয় সড়ক ধরে চেপানী চৌপতি এলাকা থেকে গ্রাম পঞ্চায়েত দপ্তরের দিকে যাওয়ার পথে এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার ফলে টোটো টি টুকরো টুকরো হয়ে যায়। টোটো তে থাকা চারজন মহিলা যাত্রী এবং চালক গুরুতর জখম হয়েছেন। তাদেরকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হয়েছে। দুর্ঘটনার ফলে জাতীয় সড়কে যানজট তৈরি হয়ে যায় ঘটনাস্থলে ছুটে যায় শামুকতলা রোড ফাঁড়ি পুলিশ। পুলিশ দুর্ঘটনার তদন্ত শুরু করেছে প্রাথমিকভাবে জানা গেছে একটি বাঁশের গাড়ি যাত্রীবোঝাই টোটোকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। পুলিশ দুর্ঘটনাগ্রস্থ টোটো টিকে ফাঁড়িতে নিয়ে আসে।

নিখোঁজ নাবালিকাকে নিরাপদে উদ্ধার করে চাইল্ড ওয়েলফেয়ার কমিটির হাতে তুলে দিলো পুলিশ



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : আলিপুরদুয়ার জেলা পুলিশের বীরপাড়া থানার পুলিশ এক নিখোঁজ নাবালিকাকে নিরাপদে উদ্ধার করে চাইল্ড ওয়েল ফেয়ার কমিটির হাতে তুলে দেয়। জানা গেছে বীরপাড়া থানা এলাকা থেকে যোলো বছর বয়সী এক নাবালিকা চলতি মাসের এক তারিখে নিখোঁজ হয়ে যায়। নাবালিকার পরিবারের পক্ষ থেকে থানায় নিখোঁজ এর অভিযোগ দায়ের করা হয়। অভিযোগ পেয়ে পুলিশ নিখোঁজ নাবালিকার সন্ধানে নেমে বুধবার রাতে থানা এলাকা থেকেই নাবালিকাকে নিরাপদে উদ্ধার করে। উদ্ধারের পর নাবালিকাকে বীরপাড়া স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে গিয়ে স্বাস্থ্য পরীক্ষা করানো হয় স্বাস্থ্য পরীক্ষার পর তাকে তুলে দেওয়া হয় চাইল্ড ওয়েল ফেয়ার কমিটি র হাতে।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL